

আছ আপন মহিমা লয়ে মোর গগনে রবি,
 আঁকিছ মোর মেঘের পটে তব রঙেরই ছবি ॥
 তাপস, তুমি ধেয়ানে তব কী দেখ মোরে কেমনে কব—
 তোমার জটে আমি তোমারি ভাবের জাহ্নবী ॥
 তোমারি সোনা বোঝাই হল, আমি তো তার ভেলা ।
 নিজেই তুমি ভোলাবে ব'লে আমারে নিয়ে খেলা ।
 কণ্ঠে মম কী কথা শোন অর্থ আমি বুঝি না কোনো—
 বীণাতে মোর কাঁদিয়া ওঠে তোমারি ভৈরবী ॥

Parjaay: Puja, Taal: Dadra, Raag: Bhairavi

Visit www.geetabitan.com for notation and other detail